



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫০৪০৩, ৯৫৭৩৯২৬
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২২৩৭)
E-mail : dgmsme@krishibank.org.bd
dgmpid@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০১৯-২০/৯২৫

তারিখঃ ২৬/০২/২০২০

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ মোতাবেক ঋণ প্রদানের জন্য উদ্যোক্তাদের যোগ্যতায় নির্ধারিত বয়সসীমা শিথিলকরণ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ {পরিকল্পনা ও পরিচালনা (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০} এ উদ্যোক্তাদের বয়সজনিত যোগ্যতায় '১৮ বছরের উর্ধ্ব বয়স হতে হবে এবং ৬০ বছরের বেশী হওয়া যাবে না' মর্মে নির্দেশনা দেয়া আছে। মাঠ কার্যালয়ের সুপারিশ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই'র আওতায় ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে অত্র ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এ উদ্যোক্তাদের যোগ্যতায় নির্ধারিত বয়সসীমা শিথিলকরণ প্রসঙ্গে ১৯/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৫৯ তম সভায় একটি কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

“ক্রেডিট বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই'র আওতায় ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে অত্র ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর অনূচ্ছেদ ১৪(খ) এ বর্ণিত উদ্যোক্তাদের যোগ্যতা বিষয়ক বাক্য “১৮ বছরের উর্ধ্ব বয়স হতে হবে এবং ৬০ বছরের বেশী হওয়া যাবে না (দেউলিয়া, মাদকাসক্ত, উন্মাদ ও জড় বুদ্ধিসম্পন্ন নন এমন ব্যক্তি)” এর স্থলে “একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে হবে (দেউলিয়া, মাদকাসক্ত, উন্মাদ ও জড় বুদ্ধিসম্পন্ন নন এমন ব্যক্তি)” এ বাক্যটি প্রতিস্থাপন করার প্রস্তাব অনুমোদন করা হলো”।

০২। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদে গৃহিত উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সফলিত সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০১৯-২০/ ৯২৫(১২০০)

তারিখঃ ২৬/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বিকেবি।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক